গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
প্রশাসন শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.tmed.gov.bd

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪০.৯৯.০০৭.২০.৯৬২

তারিখ: ২ ভাদ্র ১৪২৮
১৭ আগস্ট ২০২১

বিষয়: **ছাত্র-ছাত্রীদের অগ্রাধিকার ভিত্তিক কোভিড-১৯ ভ্যাক্সিনের কার্যক্রম সংক্রান্ত আলোচনা সভার গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন।**

সূত্র: প্রধানমন্ত্রীর কার্যালয়ের স্মারক নং-০৩.৪৫.২৬৯০.০৭০.১৬.০৬.১৯-১৪৪; তারিখঃ ১৭-০৮-২০২১।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে প্রধানমন্ত্রীর কার্যালয় থেকে প্রাপ্ত পত্রের ছায়ালিপি এতদ্সঙ্গে প্রেরণ করা হলো। গত ১৪ জুন, ২০২১ তারিখে জুম প্লাটফর্মে প্রধানমন্ত্রীর কার্যালয়ের মহাপরিচালক-২ (অতিরিক্ত সচিব) জনাব মোঃ আজিজুর রহমান-এঁর সভাপতিত্বে অনুষ্ঠিত ছাত্র-ছাত্রীদের অগ্রাধিকার ভিত্তিক কোভিড-১৯ ভ্যাক্সিনের কার্যক্রম সংক্রান্ত আলোচনা সভার নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ **জরুরী ভিত্তিতে** বাস্তবায়নের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

"১. এনআইডি সার্ভার থেকে বর্তমানে যে ৫টি তথ্য নেয়া হয় তার পাশাপাশি "পেশা"-এর তথ্যও নেয়া হবে। ১৮-বা তদুর্ধ্ব বয়সের ছাত্র/ছাত্রীদের এনআইডি নিবন্ধনের সময় পেশা হিসেবে শুধু "ছাত্র" উল্লেখ করতে হবে।

২. ১৮-বা তদুর্ধ্ব বয়সের ছাত্র/ছাত্রীগণ এনআইডির ভিত্তিতে সুরক্ষা apps এর মাধ্যমে সরাসরি রেজিস্ট্রেশন করতে পারবে।

৩. সুরক্ষা সিস্টেমে শ্রেণী নির্বাচনের ক্ষেত্রে "বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রী" ক্যাটাগরির পরিবর্তে "১৮ বছর বা তদুর্ধ্ব ছাত্র/ছাত্রী" ক্যাটাগরি অন্তর্ভুক্ত করার ব্যাপারে সুরক্ষা টিম প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। ১৮ বছর বা তদুর্ধ্ব বয়সের ছাত্র-ছাত্রীদের কোন প্রকার হোয়াইট লিস্টিং এর প্রয়োজন পড়বে না।

৪. টিকাদানের সময় ছাত্র-ছাত্রীদের পরিচয় নিশ্চিত করার জন্য টিকাদান কেন্দ্রে ছাত্র-ছাত্রীগণ তাদের শিক্ষা-প্রতিষ্ঠানের আইডি কার্ড প্রদর্শন করবে।

৫. বাংলাদেশ নির্বাচন কমিশনের এনআইডি উইং ১৮ বছর বা তদুর্ধ্ব বয়সের ছাত্র/ছাত্রীদের আবেদনপ্রাপ্তি সাপেক্ষে দ্রুততার সাথে নিবন্ধন সম্পন্ন করে এনআইডি কার্ড ইস্যু করবে।"

সংযুক্তিঃ প্রধানমন্ত্রীর কার্যালয়ের পত্র।

১৮-৮-২০২১
রোকসানা রহমান
উপসচিব

ফোন: ০২-৯৫৪৫৪৩৪
ইমেইল: dsadmin@tmed.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১) অতিরিক্ত সচিব , কারিগরি অনুবিভাগ , কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ

২) মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর

৩) মহাপরিচালক (অতিরিক্ত সচিব) , মাদরাসা শিক্ষা অধিদপ্তর

৪) অতিরিক্ত সচিব , মাদ্রাসা অনুবিভাগ , কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪০.৯৯.০০৭.২০.৯৬২/১

তারিখ: ২ ভাদ্র ১৪২৮
১৭ আগস্ট ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) যুগ্মসচিব, প্রশাসন অধিশাখা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ

২) উপসচিব, প্রশাসন অধিশাখা -২, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ

৩) সচিবের একান্ত সচিব (উপসচিব), সচিব-এর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ

৪) ব্যক্তিগত কর্মকর্তা , প্রশাসন ও উন্নয়ন অনুবিভাগ , কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ

৫) অফিস কপি।

১৮-৮-২০২১
রোকসানা রহমান
উপসচিব

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**কারিগরি শিক্ষা অধিদপ্তর**
**শাখা-০১ (প্রশাসন ও হিসাব)**
**এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা**
**শেরে-ই-বাংলানগর, ঢাকা-১২০৭।**

নং-৫৭.০৩.০০০০.০১০.১৮.০১০.(পার্ট-০১)-৩০০ তারিখ : ২৪/০৮/২০২১ খ্রি.

**কারিগরি ও মাদ্রসা শিক্ষা বিভাগের স্মারক নং-৫৭.০০.০০০০.০৪০.৯৯.০০৭.২০.৯৬২, তাং-১৭/০৮/২০২১ খ্রি.**

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি দেয়া হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

০১. পরিচালক (প্রশাসন/পিআইডব্লিউ/ভোকেশনাল/পিআইইউ/পরিঃ ও উন্নঃ) কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা
০২. উপসচিব (প্রশাসন), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩. আঞ্চলিক পরিচালক, আঞ্চলিক পরিচালকের কার্যালয় (সকল)
০৪. অধ্যক্ষ, টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ, ঢাকা
০৫. অধ্যক্ষ, ইঞ্জিনিয়ারিং কলেজ (সিলেট, ময়মনসিংহ, ফরিদপুর, বরিশাল)
০৬. অধ্যক্ষ, ভিটিটিআই, বগুড়া
০৭. অধ্যক্ষ, পলিটেকনিক/মনোটেকনিক ইনস্টিটিউট (সকল)
০৮. অধ্যক্ষ, টেকনিক্যাল স্কুল ও কলেজ (সকল)
০৯. অধ্যক্ষ/সুপারিনটেন্ডেট/প্রধান শিক্ষক, বেসরকারি এমপিওভুক্ত কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহ
১০. ইকুইপমেন্ট অফিসার, সেন্ট্রাল স্টোর, নারায়নগঞ্জ
১১. সহকারী পরিচালক (১/২/৩/৪/৫/৬/৭/৮/৯/১০), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা

পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো।

১২. ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশ ও সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে ই-মেইলে প্রেরণের জন্য অনুরোধ করা হলো)
১৩. মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
১৪. সংরক্ষণ নথি।

২৪/০৮/২০২১
(মোঃ জহুরুল ইসলাম)
সহকারী পরিচালক
ফোন- ০২-৫৮১৫২২০৮

D:\M.A.Momen, Steno Ty. Cum Com. Ope\Andorsment_Office order.docx

সভায় বিস্তারিত আলোচনাঅন্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

১। এনআইডি সার্ভার থেকে বর্তমানে যে ৫টি তথ্য নেয়া হয় তার পাশাপাশি "পেশা"-এর তথ্যও নেয়া হবে। ১৮-বা তদুর্ধ বয়সের ছাত্র/ছাত্রীদের এনআইডি নিবন্ধনের সময় পেশা হিসেবে শুধু "ছাত্র" উল্লেখ করতে হবে।

২। ১৮-বা তদুর্ধ বয়সের ছাত্র/ছাত্রীগণ এনআইডির ভিত্তিতে সুরক্ষা apps এর মাধ্যমে সরাসরি রেজিস্ট্রেশন করতে পারবে।

৩। সুরক্ষা সিস্টেমে শ্রেণী নির্বাচনের ক্ষেত্রে "বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রী" ক্যাটাগরির পরিবর্তে "১৮ বছর বা তদুর্ধ ছাত্র/ছাত্রী" ক্যাটাগরি অন্তর্ভুক্ত করার ব্যাপারে সুরক্ষা টিম প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। ১৮ বছর বা তদুর্ধ বয়সের ছাত্র-ছাত্রীদের কোন প্রকার হোয়াইট লিস্টিং এর প্রয়োজন পড়বে না।

৪। টিকাদানের সময় ছাত্র-ছাত্রীদের পরিচয় নিশ্চিত করার জন্য টিকাদান কেন্দ্রে ছাত্র-ছাত্রীগন তাদের শিক্ষা-প্রতিষ্ঠানের আইডি কার্ড প্রদর্শন করবে।

৫। বাংলাদেশ নির্বাচন কমিশনের এনআইডি উইং ১৮ বছর বা তদুর্ধ বয়সের ছাত্র/ছাত্রীদের আবেদনপ্রাপ্তি সাপেক্ষে দ্রুততার সাথে নিবন্ধন সম্পন্ন করে এনআইডি কার্ড ইস্যু করবে।

অত:পর, আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৭/০৮/২০২১
(মোঃ আজিজুর রহমান)
সভাপতি, কারিগরী টিম ও
মহাপরিচালক-২ (অতিরিক্ত সচিব)
প্রধানমন্ত্রীর কার্যালয়।

স্মারক নং-০৩.৪৫.২৬৯০.০৭০.১৬.০৬.১৯-১৪৪

তারিখ: ১৭/০৮/২০২১

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে:

১। সিনিয়র সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ/ স্বাস্থ্য সেবা বিভাগ।
২। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ/কারিগরী ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।
৩।মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর।
৪। মহাপরিচালক, এনআইডি উইং, বাংলাদেশ নির্বাচন কমিশন।
৫। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর/কারিগরী শিক্ষা অধিদপ্তর/ মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।
৬। অধ্যাপক ডা. মিজানুর রহমান, পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর।
৭। ডা. শাহ্ আলী আকবর আশরাফী, প্রধান, স্বাস্থ্য তথ্য ইউনিট, স্বাস্থ্য অধিদপ্তর।
৮। জনাব মুহাম্মদ আশরাফ হোসেন, সিস্টেম ম্যানেজার, এনআইডি উইং, বাংলাদেশ নির্বাচন কমিশন।।
৯। জনাব মাসুম বিল্লাহ, সিস্টেম এনালিস্ট, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।
১০। ডা. বি এম রিয়াযুল ইসলাম, উপ প্রধান (মেডিক্যাল), এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর।
১১। জনাব আবদুল্লাহ বিন সালাম, প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।
১২। জনাব হারুন-অর-রশিদ, প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।
১৩। জনাব এ এস এম মুবারাক, প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।
১৪। ডা. মোঃ জাহিদুল ইসলাম, ডিপিএম (ই হেলথ), এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর।
১৫। ডা. তৌফিক হাসান শাওন, মেডিকেল অফিসার, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর।
১৬। ডা. মোঃ ইয়াকুব আলী সরদার, মেডিকেল অফিসার, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর
১৭। ডা. সামছুল আরেফিন, মেডিকেল অফিসার, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর।
১৮। মুখ্য সচিব/সচিবের একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।

শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
সচিবের দপ্তর

| | |
|---|---|
| ডায়েরি নম্বর: ১৫৫৪ | তারিখ: ১৯/০৮/ |
| অতিঃ সচিব (প্রশাসন ও অর্থ) | যুগ্মসচিব (মাদ্রাসা) |
| অতিঃ সচিব (উন্নয়ন) | যুগ্মসচিব (উন্নয়ন) |
| অতিঃ সচিব (কারিগরি) ১/ | উপপ্রধান (পরিঃ) |
| অতিঃ সচিব (মাদ্রাসা) ১/২ | উপসচিব (SDG) |
| অতিঃ সচিব (অডিট ও আইন) ১/২ | উপসচিব......... |
| যুগ্মসচিব (প্রঃ ও অর্থ) | |
| যুগ্মসচিব (কারিগরি) | সচিব |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর কার্যালয়
পুরাতন সংসদ ভবন
তেজগাঁও, ঢাকা-১২১৫

**বিষয়: ছাত্র-ছাত্রীদের অগ্রাধিকার ভিত্তিক কোভিড-১৯ ভ্যাক্সিনেশন কার্যক্রম সংক্রান্ত আলোচনা সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভাপতি: | মোঃ আজিজুর রহমান, মহাপরিচালক-২ (অতিরিক্ত সচিব), প্রধানমন্ত্রীর কার্যালয়। |
| তারিখ ও সময়: | ১৪ জুন, ২০২১ ইং, শনিবার, রাত ৮:০০ ঘটিকায়। |
| সভার স্থান: | জুম প্লাটফর্ম |
| উপস্থিতি: | পরিশিষ্ট-ক |

সভাপতি উল্লেখ করেন যে, মুখ্য সচিব মহোদয়ের সভাপতিত্বে বিগত ১১/০৮/২০২১ তারিখে অনুষ্ঠিত সভায় ছাত্র-ছাত্রীদের অগ্রাধিকার ভিত্তিতে কোভিড-১৯ ভ্যাকসিন প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। সে সভার সিদ্ধান্ত অনুযায়ী ছাত্র ছাত্রীদের অগ্রাধিকার ভিত্তিতে কোভিড-১৯ ভ্যাকসিন প্রদান পদ্ধতি সম্পর্কে অবহিত করার জন্য স্বাস্থ্য অধিদপ্তরের প্রতিনিধিকে অনুরোধ জানান।

এ ব্যাপারে স্বাস্থ্য অধিদপ্তরের স্বাস্থ্য তথ্য ইউনিটের প্রধান ডা. শাহ আলী আকবর আশরাফী সভাকে অবহিত করেন যে আজ পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের ১,৯৭,৭৭৭ জন ছাত্র-ছাত্রী সুরক্ষা সিস্টেমে নিবন্ধিত হয়েছেন এবং ৯৯,৮৭৩ জন ১ম ডোজ গ্রহণ করেছেন। মহাপরিচালক, জনাব এ কে এম হুমায়ূন কবীর, এনআইডি উইং এনআইডি সার্ভার থেকে তথ্য ব্যবহার করে ১৮-২৫ বছর বয়সী ছাত্র-ছাত্রীদের সুরক্ষা সিস্টেমে রেজিস্ট্রেশন করার ব্যাপারে সম্মতি প্রকাশ করেন। তিনি আরও উল্লেখ করেন যে ছাত্র/ছাত্রীদের এনআইডি নিবন্ধনের সময় পেশা হিসেবে ছাত্র উল্লেখ করা হচ্ছে। তদুপরি ছাত্র/ছাত্রীদের নিবন্ধনকালে পেশা হিসেবে "ছাত্র" লিখা সুনিশ্চিত করার লক্ষ্যে তিনি অবিলম্বে সকল নির্বাচন অফিসারকে নির্দেশনা প্রদান করবেন মর্মে সভায় অবহিত করেন।

এ পর্যায়ে জনাব মুহাম্মদ আশরাফ হোসেন, সিস্টেম ম্যানেজার, এনআইডি উইং, জনাব মাসুম বিল্লাহ, সিস্টেম ম্যানেজার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জনাব একেএম হুমায়ূন কবীর, মহাপরিচালক, জাতীয় পরিচয়পত্র উইং এবং জাতীয় পরিচয়পত্র উইং সংশ্লিষ্ট কারিগরি কর্মকর্তাগণ আলোচনায় অংশগ্রহণ করেন।

সভায় জনাব হারুন-অর-রশিদ, প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর অবহিত করেন যে, বর্তমানে মোট ৫ লাখ ১৭ হাজারের বেশী বিশ্ববিদ্যালয় ছাত্র-ছাত্রী সুরক্ষা সিস্টেমে রয়েছে। অবশিষ্ট ১৮ বা তদুর্ধ বয়সের ছাত্র-ছাত্রীদের পরিচয়পত্রের ভিত্তিতে সরাসরি নিবন্ধনের সুযোগ দেয়া হলে অধিক সংখ্যক ছাত্র/ছাত্রীদের ভ্যাক্সিনের আওতায় আনা সহজ হবে। সেক্ষেত্রে এনআইডি উইং, এনআইডি নিবন্ধনের সময় পেশা হিসেবে "ছাত্র" উল্লেখ করলে তাদের ভ্যাক্সিন গ্রহনের জন্য নিবন্ধনের কাজটি সহজ হবে। এছাড়া এনআইডি উইং তথ্য প্রদানের ক্ষেত্রে পেশার তথ্য প্রদান করতে পারে। সিস্টেম ম্যানেজার, এনআইডি উইং জানান, এনআইডি নিবন্ধনকালে সকল ছাত্র-ছাত্রীর পেশা "ছাত্র" হিসেবে উল্লেখ করা থাকে।

মহাপরিচালক, এনআইডি উইং জানান ছাত্র-ছাত্রীদের এনআইডি নিবন্ধনের ক্ষেত্রে পেশা উল্লেখ করা হচ্ছে। এ বিষয়টি সুনিশ্চিত করার জন্য সকল নির্বাচন অফিসারকে অবিলম্বে নির্দেশনা দেয়া হবে। জনাব মাসুম বিল্লাহ জানান যে বর্তমানে এনআইডি সার্ভার থেকে নাগরিকদের নাম (বাংলা/ইংরেজি), পিতার নাম, মাতার নাম, লিঙ্গ এবং জন্ম-তারিখ এই ৫টি তথ্য নেয়া হয়। এ তথ্যের সাথে পেশা'র তথ্য দেয়া হলে ছাত্র-ছাত্রীদের রেজিস্ট্রেশন প্রক্রিয়া সহজ হবে। ছাত্র-ছাত্রীদের পরিচয় নিশ্চিত করার জন্য টিকাদান কেন্দ্রে ছাত্র-ছাত্রীগন তাদের শিক্ষা প্রতিষ্ঠানের আইডি কার্ড প্রদর্শন করতে পারেন মর্মে তিনি অভিমত ব্যক্ত করেন।